## বিসিএস লিখিত পরীক্ষার বুকলিস্টঃ

১) শীকর বাংলা ভাষা ও সাহিত্য- মোহসিনা নাজিলা
২) শীকর বাংলা প্রশ্ন পাঠ- মোহসীনা নাজিলা
৩) শীকর গ্রন্থ সমালোচনা- মোহসিনা নাজিলা
৪) বাংলা ব্যাকরণ ও নির্মিতি- হায়াৎ মামুদ, মোহাম্মদ আমীন
৫) বাংলা সাহিত্যের ইতিহাস- মাহবুবুল আলম
৬) The Super Guide to Reading Comprehension for GRE- American Education Aids
৭) Cambridge IELTS Academic 13,14,15 (Use the Reading Comprehension Part)
8) বিজ্ঞান- ৮ম শ্রেণী (বোর্ডের বই)
৯) বিজ্ঞান- নবম-দশম শ্রেণী (বোর্ডের বই)
১০) পদার্থবিজ্ঞান/রসায়ন/জীববিজ্ঞান- নবম-দশম শ্রেণী (বোর্ডের বই)
১১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি- একাদশ ও দ্বাদশ শ্রেণী- প্রকৌশলী মুজিবুর রহমান
১২) সহজ ইলেকট্রনিক্স ও ইলেকট্রিকাল শিক্ষা- মোঃ নয়ন আহমেদ
১৩) Basic Electrical and Electronics Engineering- S. Chand
[ইলেকট্রিকাল ও ইলেকট্রনিক্সের ক্ষেত্রে পূর্ববর্তী প্রশ্ন ও বিসিএস এর সিলেবাসের টপিক ধরে ধরে যে কোনো ভালো বই থেকে পড়লে হবে, ১২ ও ১৩ নম্বর থেকেই পড়তে হবে এমন কোনো বাধ্যবাধকতা নেই। এছাড়া ইউটিউব/উইকিপিডিয়া/গুগল থেকে বুঝে পড়লেও হবে]
১৪)আন্তর্জাতিক সম্পর্ক- সংক্ষিপ্ত ইতিহাস- মোঃ আবদুল হালিম
১৫) আন্তর্জাতিক সম্পর্কের মূলনীতি- মোঃ আবদুল হালিম
১৬) বিশ্ব রাজনীতির ১০০ বছর- তারেক শামসুর রহমান
১৭) Bangladesh Foreign Policy- Harun Ur Rashid
১৮) বাংলাদেশ ইতিহাস পরিক্রমা- কে এম রাইছউদ্দিন খান
১৯) খায়রুলের বেসিক ম্যাথ এবং এ্যাডভান্সড ম্যাথ
২০) খায়রুলের মেন্টাল এ্যান্ড এনালাইটিকাল এবিলিটি
২১) বাংলাদেশের সংবিধান- আরিফ খান
২২) A Passage to English Language- S M Zakir Hussain
২৩)পূর্ববর্তী সকল বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্নের কালেকশন আছে এমন যে কোনো একটা বই
২৪) অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, আমার দেখা নয়া চীন- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

## বুকলিস্ট সম্পর্কিত কিছু কথাঃ

- বোর্ডের বইগুলো ফ্রিতে ডাউনলোড করতে পারবেন
- উপরের বুকলিস্ট এর বইগুলো একেবারে প্রথম থেকে শেষ পৃষ্ঠা পড়তে হবে না। পূর্ববর্তী বছরের প্রশ্ন এবং বিসিএস লিখিত পরীক্ষার সিলেবাস দেখে টপিক ধরে ধরে প্রাসঙ্গিক অংশটুকু পড়বেন।

- দয়া করে লিখিত পরীক্ষার বাজারের গাইড থেকে কিছু মুখস্ত করবেন না কারণ হাজার হাজার পরীক্ষার্থী এই কাজটা করবে, আর একই উত্তর দেখলে পরীক্ষক স্রেফ একটা গড় নম্বর দিয়ে দেবেন।
- রিডিং কমপ্রিহেনশনের জন্য ৬,৭ ইন্টারনেট থেকে ফ্রি  নামাতে পারবেন
- গুগল/উইকিপিডিয়া/বাংলাপিডিয়া/ইউটিউব হচ্ছে আপনার সবচেয়ে বড় বন্ধু। যে কোনো টপিক বুঝতে এদের সাহায্য নিন।

**বিসিএস লিখিত পরীক্ষার Exclusive Tips:**

১) লিখিত পরীক্ষা প্রিলির মত না যে শুধু পাস করলেই চলে, এই পরীক্ষায় আপনাকে অন্যদের চাইতে বেশি নম্বর পেতে হবে। সর্বনিম্ন কত নম্বর পেলে চাকুরী হবে এই প্রশ্ন না করে প্রশ্ন করুন কিভাবে আপনি সবচেয়ে বেশি নম্বর তুলতে পারেন।

২) লিখিত পরীক্ষায় পার্থক্য গড়ে দেয় তিনটা বিষয়- বিজ্ঞান ও প্রযুক্তি, গণিত ও মানসিক দক্ষতা এবং ইংরেজি। যদি এই তিনটা বিষয়ে খুব ভালো নম্বর তুলতে পারেন আর বাকিগুলাতে মোটামুটি এভারেজও পান, আপনার চাকুরী হবার ভালো সম্ভাবনা থাকবে। এই তিনটা বিষয়ে সর্বোচ্চ জোর দিন।

৩) বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে No Diagram No Number নীতি অনুসরণ করুন। যত বেশি ছবি দেবেন, নম্বর তত বেশি পাবেন।

৪) আপনার হাতের লেখা দ্রুত এবং মোটামুটি সুন্দর হতে হবে। হাতের লেখা দ্রুত ও সুন্দর করতে ভালো হাতের লেখা এমন কারো পরামর্শ নিন, প্রয়োজনে প্রফেশনাল কোচিং করুন (যেমনঃ থ্রি ফিংগার একাডেমী বা অন্য কোনো প্রতিষ্ঠান ইত্যাদি। গুগল করলেই এদের ঠিকানা/ফোন নম্বর পাবেন)। হাতের লেখা দ্রুত ও সুন্দর হলে এমনকি ৫০ নম্বরের মত পার্থক্য হয়ে যায় গোটা পরীক্ষায়।

৫) সংবিধানের সব ধারার নাম মুখস্ত করবেন, ভেতরে কি আছে নিজের ভাষায় শিখবেন। এরপর বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলীর রচনামূলক প্রশ্নের উত্তরে সংবিধানের ধারা উল্লেখ করে কোটেশন দেবেন।

৬) বাংলাদেশ ও বৈশ্বিক কোভিড পরিস্থিতি থেকে প্রশ্ন আসবেই। এই বিষয়ে খুব ভালোভাবে প্রস্তুতি নিন। বাজারের গাইড পড়বেন না, গুগলের সহায়তা নিন।

৭) বাংলাদেশের ম্যাপ আর বিশ্বের ম্যাপ আঁকা বার বার অনুশীলন করুন। প্রশ্নের উত্তরে ম্যাপ দিয়ে অবস্থান দেখালে পরীক্ষক নম্বর বেশি দেবেন।

৮) একটানা সারাদিন পড়ার চেষ্টা না করে Pomodoro Technique ব্যবহার করুন। গুগলে অসংখ্য ভিডিও আছে কিভাবে এটা করে- দেখে নিন।

৯) ইংরেজি পরীক্ষায় ভালো করার জন্য আপনাকে Shakespeare হতে হবে না। বানান এবং ব্যাকরণগত ভুল না করে মোটামুটি সাধারণ ভাষায় শুদ্ধভাবে লিখতে পারলেই পরীক্ষক ভালো নম্বর দেবেন। এটা পারতে হলে আপনাকে শুদ্ধ ইংরেজি পড়তে হবে এবং প্রতিদিন লিখতে হবে। The Economist/Times/The Atlantic/The Daily Star ইত্যাদি ওয়েবসাইটে গিয়ে একটা আর্টিকেল পড়বেন, তারপর কি বুঝলেন সেটা নিজের ভাষায় ৩০০-৫০০ শব্দের মধ্যে লিখবেন। আপনার একটা আলাদা খাতা থাকবে প্রতিদিন লেখার জন্য, লিখে ভালো ইংরেজি জানে এমন কাউকে দিয়ে চেক করিয়ে নেবেন। এক মাসের মধ্যে দেখবেন লেখা অনেক উন্নত হয়েছে।

১০) রচনামূলক প্রশ্নের উত্তরে অতি অবশ্যই শুরুতে ভূমিকা এবং শেষে উপসংহার ব্যবহার করবেন।

১১) মূল খাতায় অতি অবশ্যই কালো/নীল/বেগুনী সাইন পেন দিয়ে মার্জিন দেবেন, লুজ শিট ভাঁজ করে নিলেই চলবে। লুজ শিটে পৃষ্ঠা নম্বর দেবেন।

১২) ঘর থেকে বের হয়ে পরীক্ষার হলে যাবার ঠিক পনের মিনিট আগে খাতা-কলম নিয়ে বসবেন, যে কোনো একটা উত্তর ঝড়ের গতিতে শুরু থেকে শেষ পর্যন্ত লিখে যাবেন। এর ফলে যেটা হবে, আপনার হাতের জড়তা কেটে যাবে। ফলে পরীক্ষার হলে অনেক সময় প্রথম প্রশ্নের উত্তর দিতে যে এক ঘন্টা লেগে যায়, এটা হবেনা।

সবশেষে, আপনাদের সর্বাঙ্গীন মঙ্গল কামনা করছি, যে কোনো প্রয়োজনে ফেসবুকে আমার ইনবক্সে অথবা পেজে মেসেজ করুন।

আপনাদের জন্য বিসিএস প্রস্তুতির এ্যাপ "ইকরা" নিয়ে দ্রুতই আসছি ইনশাল্লাহ, Mashroof's Webinar পেজে চোখ রাখুন!

বিনীত

মাসরুফ হোসেন এ্যান্ড টিম

চেয়েছিলে পাতাললোকে
ফেলতে আমায় পুঁতে,
আমার গোটা সত্তা যেন
কেউ পারেনা ছুঁতে,
চেষ্টা কি আর কম করেছো?
মুছতে আমায় নিজ-
কিন্তু তুমি ভুলেছিলে,
আমি ছিলাম বীজ।
যতই ফেলো পুঁতে আমায়
অন্ধ মাটির তলে,
উঠব আমি মহীরুহ
সকল বাধা দলে।

মূল: "WHAT DIDN'T YOU DO TO BURY ME, BUT YOU FORGOT I WAS A SEED" ~ DINOS CHRISTIANOPOULOS

বাংলা ভাবানুবাদ: MASHROOF HOSSAIN